গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৬.০২.০০১.২১.১০ তারিখ: ২১ আশ্বিন ১৪২৮
০৬ অক্টোবর ২০২১

বিষয়: **Advanced Microsoft Excel (১২তম ব্যাচ) শীর্ষক সান্ধ্যকালীন অনলাইন কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গ।**

সূত্র: (ক) নং ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪, তারিখ: ২৯ মার্চ, ২০২১
(খ) স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৬.০২.০০১.২১.৩, তারিখ: ২০ জুন, ২০২১
(গ) স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৬.০২.০০১.২১.৭, তারিখ: ২৯ জুলাই, ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এর বর্ষপঞ্জি ২০২১ - ২২ অনুযায়ী সূত্রে বর্ণিত পত্র মোতাবেক Advanced Microsoft Excel (১২তম ব্যাচ) শীর্ষক সান্ধ্যকালীন প্রশিক্ষণ কোর্সটি ২৬ সেপ্টেম্বর হতে ১৭ অক্টোবর ২০২১ পর্যন্ত ১০ (দশ) কর্মদিবস মেয়াদে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। অনিবার্য কারনবশতঃ উল্লিখিত সময়ের পরিবর্তে পরিবর্তিত তারিখ অনুযায়ী আগামী **২১ নভেম্বর ২০২১ হতে ১২ ডিসেম্বর ২০২১** পর্যন্ত ১০ (দশ) কর্মদিবস মেয়াদে **অনলাইনে (জুম সফটওয়্যার)** অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে যারা মনোনয়ন পত্র প্রেরণ করেছেন তাদের পুনরায় মনোনয়নপত্র প্রেরণের প্রয়োজন নেই।

**কোর্সটির গুরুত্ব ও প্রয়োজনীয়তাঃ**

১) কোর্সটি সান্ধ্যকালীন এবং অনলাইনে সম্পন্ন হবে বিধায় কর্মকর্তাগণকে মনোনয়ন প্রদান করিলে দাপ্তরিক কাজের বিঘ্ন ঘটবেনা এবং প্রশিক্ষণার্থী কোভিড-১৯ ঝুঁকিতে পড়বেন না।
২) বর্তমান ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে উল্লিখিত প্রশিক্ষণ কর্মকর্তাগণের Advanced Microsoft Excel এপ্লিকেশন সম্পর্কে জ্ঞাণ ও প্রশিক্ষণ আইসিটি সক্ষমতা বৃদ্ধিতে ভূমিকা রাখবে।
৩) Microsoft Excel দিয়ে বিভিন্ন সরল ও জটিল হিসাব করা, বেতনবিল ও অন্যান্য হিসাব করা, চার্ট ও গ্রাফ করে পরিসংখ্যান করা, রেজাল্ট, স্যালারি ও অন্যান্য শিট করা, আয়কর ও অন্যান্য হিসাব করা এবং ডাটা সংরক্ষণ ও ব্যবস্থাপনার যাবতীয় কাজ ইত্যাদি করা যায়।
৪) Advanced Microsoft Excel এর মাধ্যমে জটিল গাণিতিক পরিগণনা, তথ্য ব্যবস্থাপনা এবং তথ্যকে আকর্ষণীয় করে উপস্থাপনায় নিখুঁত ভাবে চার্ট বা গ্রাফ তৈরী করা ইত্যাদি ছাড়াও আরও অনেক জটিল কাজকে সহজে সমাধান করা্র লব্ধ জ্ঞান ই-নথি, ইজিপি, জিআরপি সহ সরকারী কাজে ব্যবহৃত সফটওয়ার সম্পর্কে জ্ঞাণ বৃদ্ধির পাশাপাশি সফটওয়ার ব্যবহারে আরও দক্ষ হবেন।

কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রশিক্ষণার্থীর পর্যায় | : | সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত এবং বেসরকারী প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তাবৃন্দ। |
| (২) | কোর্সের সময়সূচী ও মেয়াদ | : | সপ্তাহে ০৩(তিন)দিন। প্রতি রবি, মঙ্গল ও বুধবার সন্ধ্যা ০৬:০০ থেকে রাত ০৮:৩০ পর্যন্ত ১০ কর্মদিবস। |
| (৩) | কোর্স ফি | : | ভ্যাট ব্যতিত টাকা ১৫,০০০/-(পনের হাজার টাকা মাত্র) "মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি(এনএপিডি), ঢাকা" বরাবরে নগদ অথবা ক্রসড্ চেক এর মাধ্যমে প্রদান করতে হবে। কোর্সে অংশগ্রহণের শর্ত হিসেবে কোর্স শুরুর পূর্বে কোর্স ফি পরিশোধ একান্ত আবশ্যক। |
| (৪) | কোর্সের উদ্দেশ্য | : | 1. To orient the participants about use of MS excel in accounts, budget, billing and other areas; and<br>2. To increase capability on analyze data by using MS excel |
| (৫) | পাঠ্যসূচি | : | 1. Travelling around new excel interface;<br>2. Essential formula knowledge;<br>3. Intermediate formula knowledge;<br>4. Optimizing data;<br>5. Data analysis;<br>6. Presenting and reporting; |
| (৬) | কোর্সের সুবিধাদি | : | • একাডেমির ইন্টারনেটভাতা নীতিমালা অনুযায়ী প্রত্যেক প্রশিক্ষণার্থী কোর্স ফান্ড হতে ইন্টারনেটভাতা পাবেন।<br>• বাসায় / নিজ অফিস / আপনার পছন্দের কক্ষে বসে অনলাইনে যুক্ত হয়ে প্রশিক্ষণ নিতে পারবেন। |
| (৭) | প্রশিক্ষণার্থীর সংখ্যা | : | ২৫ জন। |
| (৮) | আবাসিক/অনাবাসিক | : | কোর্সটি অনাবাসিক এবং সান্ধ্যকালীন **(জুম ভিত্তিক অনলাইন )** |
| (৯) | মনোনয়নের শেষ তারিখ | : | ১৬ নভেম্বর, ২০২১। |
| (১০) | মনোনয়ন প্রেরণ | : | মহাপরিচালক, এনএপিডি অথবা নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে মনোনয়ন প্রেরণ করা যাবে। অগ্রিম অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য একাডেমির ওয়েবসাইট www.napd.gov.bdএ প্রশিক্ষণ মেন্যুর আসন্ন কোর্সসমূহ নামক সাবমেন্যুতে ফরম পূরণ করা যাবে। অনলাইন রেজিস্ট্রেশনের জন্য ইউআরএল: https://training.napd.ac.bd/course_registration.php?cid=151 |
| (১১) | কোর্সে যোগদানের তারিখ ও সময় | : | মনোনীত কর্মকর্তাকে আগামী **২১ নভেম্বর ২০২১** তারিখ বিকাল ০৫.০০ টায় নিম্নস্বাক্ষরকারী অথবা সমন্বয়ক জনাব মোঃ নূরুল আমিন, সহকারী প্রোগ্রামার, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি'র নিকট রিপোর্ট করতে হবে। |

উক্ত প্রশিক্ষণ কোর্সে আপনার মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তা মনোনয়ন প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী অথবা কোর্স সমন্বয়কারী ও সহকারী প্রোগ্রামার জনাব মোঃ নূরুল আমিন (মোবাইল: ০১৮১৮-৩৫৭৭৮২, ইমেইল: ap@napd.gov.bd) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হলে এনএপিডি'র ওয়েবসাইট www.napd.gov.bd এ Online registration form পূরণ করে পাঠানো যাবে।

উল্লেখ্য যে মনোনীত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগের সুবিধার্থে মনোনয়নপত্রে কর্মকর্তাদের মনোনয়ন নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ করা হলঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থলের ঠিকানা | ফোন নম্বর | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা |
|---|---|---|---|---|---|

মনোনয়ন গ্রহণ সম্পর্কে এনএপিডি হতে আর কোন নিশ্চয়তাপত্র দেয়া হবে না। আপনার মনোনয়ন ই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৬-১০-২০২১

ড. মোঃ নুরুজ্জামান

পরিচালক

ফোন: ০১৭৩০০৯২১৭৯

ফ্যাক্স: ০২-৫৮৬১৫৬৯৫

ইমেইল: zamanmnz@gmail.com

বিতরণ :

১) সিনিয়র সচিব/সচিব (সকল)

২) রেক্টর /মহাপরিচালক/চেয়্যারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা

৩) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম

৪) জেলা প্রশাসক,
চট্টগ্রাম/জামালপুর/মানিকগঞ্জ/কুমিল্লা/রংপুর/সিলেট/ঝিনাইদহ/যশোর/চাঁদপুর/রাজবাড়ী/বগুড়া/সিরাজগঞ্জ/দিনাজপুর/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/খুলনা/সাতক্ষীরা/ঢাকা/লালমনিরহাট/ব্রাহ্মণবাড়িয়া/ভোলা/ঝালকাঠি/নাটোর/রাঙ্গামাটি/ক

৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৬) উপপরিচালক,
যশোর/সিলেট/বগুড়া/জয়পুরহাট/নওগাঁ/নাটোর/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/রাজশাহী/সিরাজগঞ্জ/দিনাজপুর/গাইবান্ধা/লালমনিরহাট/নীলফামারী/রংপুর/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ/বরগুনা/বরিশাল/ঝালকাঠি/পটুয়াখালী/পিরোজপু

৭) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল জেলা)

৮) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল জেলা)

৯) জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি (সকল জেলা)

১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল জেলা)

১১) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সকল জেলা)

১২) জেলা নির্বাচন কর্মকর্তা (সকল জেলা)

১৩) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সকল জেলা)

১৪) জেলা তথ্য অফিসার (সকল জেলা)

১৫) উপ-পরিচালক, বিআরডিবি (সকল জেলা)

১৬) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৬.০২.০০১.২১.১০/১(৩৪)

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮
০৬ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সকল কর্মকর্তা, এনএপিডি

৬-১০-২০২১

মোঃ নুরুল আমিন

সহকারী প্রোগ্রামার